

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৮৬৫

১/ বিবিধ

আরবী

سید بنی دارا، واتخذ مأدبة، وبعث داعيا، فالسيد الجبار، والمأدبة القرآن، والدار الجنة، والداعي أنا، فأنا اسمي في القرآن محمد، وفي الإنجيل أحمد، وفي التوراة أحييد، وإنما سميت أحييد لأني أحييد عن أمتي نار جهنم، وأحبوا العرب بكل قلوبكم

موضوع

رواه ابن عدي (2 / 16) عن إسحاق بن بشر الخراساني حدثنا ابن جريج عن عطاء عن ابن عباس مرفوعا، وقال: "إسحاق روى عن ابن جريج والثوري وغيرهما ما لا يرويه غيره، وأحاديثه غير محفوظة كلها، وهي منكرة، إما إسنادا أو متنا لا يتابعه أحد عليه". وقال الذهبي: "تركوه، وكذبه علي بن المديني والدارقطني، وقال ابن حبان: لا يحل حديثه إلا على جهة التعجب. قلت: يروي العظام عن ابن إسحاق وابن جريج والثوري". قلت: والجملة الأخيرة منه جاءت في الحديث المتقدم برقم (1838)

বাংলা

১৮৬৫। সাইয়িদ একটি ঘর তৈরি করেন, খাদ্য তৈরি করেন এবং আহবানকারীকে প্রেরণ করেন। সাইয়িদ হচ্ছেন জাব্বার, খাদ্য হচ্ছে কুরআন, আর ঘর হচ্ছে জান্নাত, আর দাঈ হচ্ছেন আমি। কুরআনে আমার নাম মুহাম্মাদ, ইঞ্জীলে আহমাদ, তাওরাতে আহইয়াদ। আমার নাম রাখা হচ্ছে আহইয়াদ, কারণ আমি আমার উম্মাতকে জাহান্নামের আগুন থেকে বের করব। তোমরা আরবদেরকে তোমাদের প্রতিটি অন্তর দ্বারা ভালবাস।

হাদীসটি বানোয়াট।

এটিকে ইবনু আদী (২/১৬) ইসহাক ইবনু বিশর খুরাসানী হতে, তিনি ইবনু জুরায়েয হতে, তিনি আতা হতে, তিনি

আব্দুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেনঃ ইসহাক ইবনু জুরায়েয সাওরী প্রমুখ হতে এমন কিছু বর্ণনা করেছেন যা অন্য কেউ বর্ণনা করেননি। তার কোন হাদীসই নিরাপদ নয়। সেগুলো মুনকার, হয় সনদের দিক দিয়ে, না হয় ভাষার দিক দিয়ে, কেউ সেগুলোর ক্ষেত্রে তার মুতাবায়াত করেননি।

হাফিয় যাহাবী বলেনঃ মুহাদ্দিসগণ তাকে ত্যাগ করেছেন। আর আলী ইবনুল মাদীনী ও দারাকুতনী তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন। ইবনু হিব্বান বলেনঃ আশ্চর্যান্বিত হওয়ার উদ্দেশ্যে ছাড়া তার হাদীস বর্ণনা করাই বৈধ নয়। আমি বলছিঃ তিনি ইবনু জুরায়েয ও সাওরী হতে বহু অলৌকিক বস্তু বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসের শেষ বাক্যটি (নং ১৮৩৮) হাদীসের মধ্যে আলোচিত হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72748>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন